

প্রিয় মা-বাবা এবং অভিভাবকবৃন্দ:

অনুগ্রহ করে সময় নিয়ে ফরমটি পূরণ করুন এবং আপনার শিক্ষার্থীর স্কুলে ফেরত দিন। শিক্ষা বিষয়ক সুবিধা ফরমটি স্কুলের শিক্ষা কর্মসূচির জন্য সেট ও ফেডারেল তহবিল প্রাপ্তি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে। এই তথ্য ছাড়া, আমাদের স্কুল আমাদের শিক্ষার্থীদের শিক্ষা কর্মসূচির জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ তহবিল হারাতে পারে। এই সম্পূর্ণ বরাদ্দ ও কর্মসূচিগুলোর আমাদের শিক্ষার্থীদের জন্য সহায়তা ও সেবা প্রদানের সম্ভাবনা রয়েছে, যেমন:

- শিক্ষাদানের কর্মী (যেমন রিডিং ইন্টারভেনশনিস্ট, গণিত টিউটর, একাডেমিক ও আচরণ সহায়ক)
- শিক্ষাদানের সরঞ্জাম ও উপকরণ
- কাউন্সেলর ও সমাজ কর্মী
- স্কুলের নার্স
- কর্মীদের জন্য প্রোফেশনাল লার্নিং
- বাবা/মা এবং কমিউনিটির সম্পৃক্ততার সরঞ্জাম ও কার্যক্রম
- প্রযুক্তি

স্কুল কেন আর্থিক তথ্যের জন্য অনুরোধ করছে? শিক্ষা বিষয়ক সুবিধা ফরম একজন শিক্ষার্থীর বা পরিবারের যোগ্যতা নির্ধারণ করে। যোগ্য শিক্ষার্থীদের মোট সংখ্যা স্কুলের জন্য উপলভ্য তহবিলের পরিমাণ নির্ধারণ করতে ব্যবহৃত হয়। যত বেশি ফরম জমা পড়বে তত ভালো।

আমাকে কী করতে হবে? অনুগ্রহ করে সংযুক্ত ফরমটি পূরণ করুন এবং এটি আপনার সন্তানের স্কুলে ফেরত দিন।

আমার শিক্ষার্থী বা পরিবার আর কী পেতে পারে? আপনার শিক্ষা সুবিধা ফরমে আপনি যে তথ্য দিয়েছেন, তার উপর ভিত্তি করে, আপনার সন্তান অন্যান্য কর্মসূচির জন্য যোগ্য হতে পারে, যেমন:

- অর্থ পরিশোধ করে খেলা অথবা অর্থ পরিশোধ করে অংশগ্রহণ
- খাদ্য সহায়তা দেয় এমন প্রোগ্রাম
- ফিস্ট ট্রিপে সহায়তা করে এমন প্রোগ্রাম
- স্কুলের সরঞ্জাম সরবরাহ করে অথবা স্কুলের ফি দিয়ে সহায়তা করে এমন প্রোগ্রাম
- ছুটির দিনে সহায়তা দেয় এমন প্রোগ্রাম
- ক্যাবল ও ইন্টারনেটের জন্য সম্ভাব্য পারিবারিক সহায়তা

আপনার যোগ্যতার তথ্য শেয়ার করার অনুমতি দিতে আপনাকে অবশ্যই অন্যান্য প্রোগ্রামের সাথে তথ্য শেয়ার করার সংযুক্ত ফরমটি পূরণ করতে হবে।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে bolingere@aaps.k12.mi.us এর সাথে 734-994-2265 নম্বরে যোগাযোগ করুন।